



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I TERM – SECOND SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 8 DATE – 07.08.2020

Topic – বোধপরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একটা হরিণের দখল নিয়ে এক সিংহ আর ভালুকের মধ্যে জোর লড়াই হল। লড়াই করতে করতে দুজনেই আহত হয়ে পড়ে রইল পথের ওপর। তাদের নড়বার ক্ষমতা একেবারেই ছিল না। একটি শেয়াল সেই পথ দিয়ে যেতে ছিল। যেতে যেতে সিংহ ও ভালুকের অবস্থা দেখে এবং একটি মৃত হরিণ কে তাদের মধ্যে পড়ে থাকতে দেখে সেটা সে টেনে নিয়ে চলে গেল। তখন সিংহ ও ভালুক নিজেদের মধ্যে বলাবলি করতে লাগল ভাগ্য আর কাকে বলে? হরিণটার জন্যে আমরা লড়াই করে মরলাম, আর কিছু না করে সেটা পেয়ে গেল একটি চালাক শেয়াল।

১) উপরের অংশটি থেকে নিয়ে আ – কার দিয়ে তিনটি বানান লেখো।

উঃ লড়াই, আহত, চালাক।

২) উপরের অংশটি থেকে নিয়ে চারটি পশুর নাম লেখো।

উঃ চারটি পশুর নাম হল সিংহ, হরিণ, ভালুক ও শেয়াল।

৩) উপরের অংশটি থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো।

ক) লড়াই করতে করতে দুজনেই আহত হয়ে পড়ে রইল পথের ওপর।

খ) একটি শেয়াল সেই পথ দিয়ে যেতে ছিল।

৪) বাক্য রচনা করো।

ক) লড়াই – আমাদের কখনো লড়াই করা উচিত নয়।

খ) পথ – আমি পথের ধারে অনেক গাছ লাগিয়েছি।

৫) উত্তর লেখো।

ক) সিংহ ও ভালুকের মধ্যে কেন লড়াই হয়েছিল?

উঃ একটা হরিণের দখল নিয়ে সিংহ আর ভালুকের মধ্যে জোর লড়াই হয়েছিল।

খ) লড়াই না করেও মৃত হরিণের দখল পেয়েছিল কে?

উঃ লড়াই না করেও মৃত হরিণের দখল পেয়েছিল একটি চালাক শেয়াল।